
# অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করা সম্পর্কিত আইন পরিবর্তিত হচ্ছে

**26 মার্চ 2021 থেকে স্কটল্যান্ডে দান থেকে প্রত্যাহার করার একটি পদ্ধতি প্রযোজ্য হবে।**

অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করা এখনও একটি ব্যক্তিগত সিদ্ধান্ত এবং আপনার কাছে নির্বাচন করার অধিকার আছে। সুতরাং অনুগ্রহ করে এই পুস্তিকাটিকে যত্ন সহকারে পড়ুন। এতে নিম্নবর্ণিত সম্পর্কে ব্যাখ্যা প্রদান করা হয়েছে:

- আইন কিভাবে পরিবর্তিত হচ্ছে
- আইন আপনাকে কিভাবে প্রভাবিত করে
- আপনার কাছে কী-কী বিকল্প আছে
- আপনি আপনার দান করার সিদ্ধান্ত কিভাবে রেকর্ড করতে পারেন
- কেউ যখন দাতা হন তখন কী হয়



Healthier Scotland
Scottish Government

NHS
SCOTLAND

# আইন পরিবর্তিত হচ্ছে...তবে আপনার কাছে এখনও নির্বাচন করার অধিকার আছে

26 **মার্চ 2021 থেকে,** স্কটল্যান্ড জুড়ে অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দানের বিষয়ে একটি নতুন আইন প্রযোজ্য হবে।

'বিবেচিত অনুমোদন' (Deemend authorisation)-এর একটি নতুন পদ্ধতি শুরু করার জন্য আইন পরিবর্তিত হচ্ছে। প্রায়ই এটাকে একটি 'অপ্ট আউট' (opt out) (প্রত্যাহার করা) পদ্ধতি হিসেবে উল্লেখ করা হয়। জীবন বাঁচানো এবং উন্নত করার জন্য আমরা এটা করছি। শুধুমাত্র 1% লোকের মৃত্যু এমন ভাবে হয় যাতে অঙ্গ-প্রত্যঙ্গ দান করা সম্ভব হয়, সুতরাং দান করার প্রত্যেকটি সুযোগ অত্যন্ত মূল্যবান।

নতুন পদ্ধতির মানে হল যে আপনার মৃত্যুর আগে যদি আপনি দান করার বিকল্প থেকে প্রত্যাহার না করে থাকেন তাহলে আইনত প্রতিস্থাপনের জন্য কিছু নির্দিষ্ট অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যুগুলোকে দান করা যেতে পারে। পৃষ্ঠা 8 পড়ে আপনি জানতে পারবেন যে একজন দাতা হলে কী হবে।

কিছু নির্দিষ্ট লোকের গোষ্ঠীর (পৃষ্ঠা 3 দেখুন) ক্ষেত্রে বা যদি দান করা আপনার মতামতের বিরুদ্ধে হয় তাহলে সেক্ষেত্রে আইন প্রযোজ্য হবে না।

যদি আপনি দান দেওয়ার বিষয়টিকে সমর্থন করেন, তাহলে আপনি সক্রিয়ভাবে আপনার দাতা হওয়ার সিদ্ধান্ত রেকর্ড করতে পারেন। এই পদক্ষেপ গ্রহণ করলে আপনার পরিবার এবং বন্ধুদের জন্য পরিস্থিতি আরও সহজ হয়ে যায় এবং এটা নিশ্চিত করতে সাহায্য করে যে আপনার সিদ্ধান্তের যেন মান রাখা হয়।

দান করার বিকল্প থেকে প্রত্যাহার করার সিস্টেম শুধুমাত্র শরীরের সাধারণত প্রতিস্থাপিত অঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য হবে, যেমন কিডনি, হৃৎপিণ্ড, ফুসফুস, লিভার এবং কণ্ডরা।

আপনার মতামত সম্পর্কে আপনার পরিবার এবং বন্ধুদের সঙ্গে আলোচনা করা হবে যাতে নিশ্চিত করা যেতে পারে যে আপনার ইচ্ছার বিরুদ্ধে হলে যেন দান না করা হয়।

**জীবন বাঁচানো এবং উন্নত করতে সাহায্য করার জন্য আইন কে পরিবর্তিত করা Qহচ্ছে।**

# আইন কাকে প্রভাবিত করবে?

**নতুন আইন স্কটল্যান্ডে বসবাসরত বেশিরভাগ প্রাপ্ত বয়স্কদের উপর প্রযোজ্য হবে।**

এটা **এই সকল গোষ্ঠীর ক্ষেত্রে** প্রযোজ্য হবে না:

- **বাচ্চারা (16 বছরের চেয়ে কম বয়সী)।**
- **এমন সকল প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে যাদের মধ্যে নতুন আইনটিকে বোঝার ক্ষমতা নেই।**
- **এমন সকল প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে যারা তাদের মৃত্যুর আগে 12 মাসের চেয়ে কম সময় ধরে স্কটল্যান্ডে বাস করছিলেন।**

যদি উক্ত কোনও গোষ্ঠীতে অন্তর্ভুক্ত একজন ব্যক্তির মৃত্যু এমন ভাবে হয় যাতে মরণোত্তর তারা দান করতে পারেন, এবং ইতিমধ্যে তারা দান করার বিষয়ে কোনও সিদ্ধান্ত রেকর্ড না করে থাকেন তাহলে, তাদের নিকটবর্তী পরিবারের সদস্য কে জিজ্ঞাসা করা হবে যে তারা দানটিকে অনুমোদিত করতে চান কিনা।



# আপনাকে কি করতে হবে?

দান করা একটি ব্যক্তিগত সিদ্ধান্ত এবং আপনি দান করতে চান কিনা তা নির্বাচন করার অধিকার আপনার কাছে আছে।

**আপনার পছন্দ**

**আপনি NHS Organ Donor Register-এ দান করা থেকে প্রত্যাহার করার আপনার সিদ্ধান্ত রেকর্ড করতে পারেন পৃষ্ঠা 7) দেখুন**

- এর মানে হল যে আপনি সকল অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার বিকল্প থেকে প্রত্যাহার করছেন।

**আপনি যদি দাতা হতে চান, তাহলে আপনি NHS Organ Donor Register-এ আপনার সিদ্ধান্ত রেকর্ড করতে পারেন পৃষ্ঠা 7) দেখুন**

- এমনটি করে, আপনি আপনার পরিবারের জন্য পরিস্থিতি আরও সহজ করে দিবেন এবং নিশ্চিত করতে সাহায্য করবেন যে আপনার দান করার সিদ্ধান্তের যেন মান রাখা হয়।
- আপনি যদি কিছু ধরণের অঙ্গ-প্রত্যঙ্গ দান করতে রাজী হন, তবে অন্যান্যগুলো দান করতে চান না তাহলে NHS Organ Donor Register-এ আপনার সিদ্ধান্ত রেকর্ড করার সময় আপনি আপনার পছন্দগুলোকে স্পষ্টভাবে উল্লেখ করতে পারেন।
- একজন দাতা হওয়ার আপনার সিদ্ধান্ত রেকর্ড করার মানে এই যে আপনি কিছু নির্দিষ্ট চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতিগুলোর জন্য ও সম্মত হন যা হয়তো দান করার প্রক্রিয়ার একটি অংশ হিসেবে আপনার মৃত্যুর আগে পরিচালিত করা যেতে পারে। এগুলোকে পরিচালিত করার আগে বিশেষজ্ঞ নার্সেরা আপনার পরিবারের সঙ্গে কথা বলবেন। পৃষ্ঠা 9 থেকে আপনি এই চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতি সম্পর্কে আরও জানতে পারবেন।

**আপনি কোনও কিছু না করার বিকল্প ও নির্বাচন করতে পারেন**

- যদি নতুন আইনের অধীনে আপনি কিছু না করেন, তাহলে অনুমানিত করা হবে যে আপনি প্রতিস্থাপনের জন্য কিছু নির্দিষ্ট অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার জন্য সম্মত হয়েছেন।
- আপনার ইচ্ছার বিরুদ্ধে যাতে দান না করা হয় তা নিশ্চিত করার জন্য আপনার পরিবার এবং বন্ধুদেরকে আপনার সম্প্রতি মতামত জিজ্ঞাসা করা হবে।
- কিছু নির্দিষ্ট গোষ্ঠীর লোকজনদের উপর নতুন আইন প্রযোজ্য হবে না (উদা. বাচ্চারা) – পৃষ্ঠা 3 দেখুন।
- আপনি যদি কিছু না করেন তাহলে তার মানে এও হবে যে আপনি কিছু নির্দিষ্ট চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতি পরিচালিত করার জন্য নিজের সম্মতি দিচ্ছেন এবং এগুলোকে দান করার প্রক্রিয়ার একটি অংশ হিসেবে আপনার মৃত্যুর আগে পরিচালিত করা যেতে পারে। এগুলোকে পরিচালিত করার আগে বিশেষজ্ঞ নার্সেরা আপনার পরিবারের সঙ্গে কথা বলবেন। পৃষ্ঠা 9 থেকে আপনি এই চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতি সম্পর্কে আরও জানতে পারবেন।



দান করা একটি ব্যক্তিগত সিদ্ধান্ত এবং আপনি দান করতে চান কিনা তা নির্বাচন করার বিকল্প আপনার কাছে আছে।



আপনার সিদ্ধান্ত যাই হোক না কেন, আপনার নিজের পরিবার এবং বন্ধুদের আপনার দান করার সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করা উচিত যাতে নিশ্চিত করা যেতে পারে যে আপনার ইচ্ছাগুলোর যেন মান রাখা হয়।

# NHS Organ Donor Register -এ আপনার সিদ্ধান্ত রেকর্ড করার জন্য

**NHS Organ Donor Register -এ (এনএইচএস অর্গান ডোনার রেজিস্টার) আপনার সিদ্ধান্ত রেকর্ড করা সহজ এবং এতে শুধুমাত্র কয়েক মিনিট সময় লাগে। আপনি আপনার পূর্ববর্তী সিদ্ধান্ত পরিবর্তন বা নিশ্চিত ও করতে পারেন বা আপনার বিবরণ আপডেট করতে পারেন।**

**আপনি www.organdonationscotland.org – এ অনলাইন যেতে পারেন।**

**যদি আপনার সিদ্ধান্ত রেজিস্টার করার জন্য বা যদি আইনে পরিবর্তন সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থেকে থাকলে যদি আপনি কল করা পছন্দ করেন তাহলে আপনি 0300 303 2094 নম্বরে ফোন করতে পারেন**
আপনার ফোন প্রদানকারীর উপর নির্ভর করে কলগুলোকে আপনার লোকাল কল হার অনুসারে চার্জ করা হবে।

**টেক্সট রিলে: 18001 0300 1232323**

## আমি NHS Organ Donor Register-এ আমার সিদ্ধান্ত রেকর্ড করতে চাই না। আমার কী করা উচিত?

আপনার সিদ্ধান্ত রেকর্ড করার সবচেয়ে স্পষ্ট পথ হচ্ছে NHS Organ Donor Register। তবে, আপনি যদি তা না করতে চান, তাহলে আপনি একটি লিখিত ঘোষণা করতে পারেন এবং আপনার পরিবার এবং বন্ধুদের তা জানাতে পারেন যাতে তারা যেন আপনার সিদ্ধান্ত সম্পর্কে অবহিত থাকেন। অনুগ্রহ করে আপনার অছিয়তনামা তে আপনার সিদ্ধান্ত রেকর্ড করার উপর নির্ভর করবেন না। সাধারণত দান করার সম্ভাবনা পেরিয়ে যাওয়ার পর পর্যন্ত অছিয়তনামাগুলোকে পড়া হয় না এবং মৃত্যুর স্বল্প সময় পরেই দান করার পদ্ধতি পরিচালিত করতে হয়।

**একটি সিদ্ধান্ত রেকর্ড না করা পর্যন্ত আপনার নাম NHS Organ Donor Register-এ থাকবে না।**

# আমি যদি একজন সম্ভাব্য দাতা হই তাহলে কী হবে?

### আপনার জীবন বাঁচানোর জন্য ডাক্তাররা এবং নার্সরা সকল সম্ভব চেষ্টা করবেন

- ডাক্তাররা এবং নার্সেরা একজন রোগীর দেখাশোনা করা এবং মানুষের জীবন বাঁচানোর জন্য সকল সম্ভব চেষ্টা করার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।
- আপনাকে সারিয়ে তোলার জন্য যে আর কিছু করা যেতে পারবে না তার বিষয়ে আপনার পরিবারের সঙ্গে আলোচনা করে এবং তা নিয়ে সম্মত হওয়ার পরেই দান করার সম্ভাবনা সম্পর্কে একটি সংবেদনশীল আলোচনা শুরু হবে।

### NHS Organ Donor Register চেক করা

- আপনার দেখাশোনার কাজে জড়িত নন এমন বিশেষজ্ঞ নার্সেরা NHS Organ Donor Register দেখে খোঁজ করবেন যে আপনি দান করার বিষয়ে কোনও সিদ্ধান্ত রেকর্ড করেছেন কিনা।
- তারপর তারা আপনার পরিবার এবং নিকটবর্তী বন্ধুদের সঙ্গে এই তথ্য শেয়ার করবেন যাতে তারা আপনার ইচ্ছা সম্পর্কে অবহিত হন এবং তার সাথে এটাও জানার চেষ্টা করা হবে যে প্রকৃতপক্ষে এটা কি আপনার আপনাকে মতামত ছিল।



### দান করার আগে কোন-কোন চিকিৎসাগত পরীক্ষা করার প্রয়োজন আছে?

- দান করার প্রক্রিয়ার একটি অংশ হিসেবে, মৃত্যুর কিছু সময় আগে ইনটেনসিভ কেয়ার ইউনিটে কিছু নিত্য চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতি পরিচালিত করা যেতে পারে। এগুলোকে শুধুমাত্র তখনই করা যেতে পারে যদি এদের সাহায্যে ডাক্তাররা দেখতে পারবেন যে প্রতিস্থাপনটা সম্ভবত সুরক্ষিত, সফল এবং প্রতিস্থাপনের অপেক্ষার তালিকায় তালিকাভুক্ত কোনও ব্যক্তির জন্য একটি উপযুক্ত ম্যাচ হবে।

- এই চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতিগুলোকে হাসপাতালে পরিচালিত অন্যান্য সকল চিকিৎসার মতন একই যত্ন সহকারে পরিচালিত করা হয়, সুতরাং এগুলো শুধুমাত্র তখনই করা যেতে পারে যদি তাতে সম্ভবত আপনার কোনও ক্ষতি বা অসুবিধা হবে না। এই ধরণের কিছু চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতি ছাড়া দান করার পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হত না।

- এতে অন্তর্ভুক্ত রয়েছে:
  - পরীক্ষা করার জন্য রক্ত বা মূত্রের মতন কিছু তরলের নমুনা সংগ্রহ করা
  - এক্স-রে বা আল্ট্রাসাউন্ড স্ক্যান যা আপনাকে যথাস্থানে রেখে পরিচালিত করা যেতে পারে
  - আপনার হৃৎপিণ্ড এবং শ্বাস-প্রশ্বাসের উপর নজর রাখা
  - একটি ড্রিপের মাধ্যমে ওষুধ বা অন্যান্য তরল দেওয়া (উদাহরণস্বরূপ, কখনও কখনও রক্ত)।

- দান করার বিকল্প থেকে প্রত্যাহার না করে থাকলে এটা অনুমানিত করা হবে যে এই নিত্য চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতিগুলোকে পরিচালিত করার জন্য আপনি নিজের সম্মতি দিয়েছেন। তবে, বিশেষজ্ঞ নার্সেরা আপনার পরিবার এবং বন্ধুদের সঙ্গে কথা বলে নিশ্চিত করবেন যে আপনার ইচ্ছার বিরুদ্ধে হলে যেন এই পরীক্ষাগুলোকে পরিচালিত না করা হয়।

- খুব বিরল পরিস্থিতিতে, আরও, ইনভেসিভ চিকিৎসাগত পরীক্ষা এবং পদ্ধতি পরিচালিত করার প্রয়োজন থাকতে পারে, তবে শুধুমাত্র যদি উক্ত বর্ণিত নিত্য পরীক্ষাগুলোর মাধ্যমে একটি সুরক্ষিত এবং সফল প্রতিস্থাপনের জন্য পর্যাপ্ত তথ্য গ্রহণ করা যাবে না। এই অন্যান্য পরীক্ষা বা পদ্ধতিতে হয়তো অন্তর্ভুক্ত থাকতে পারে একটি ছোট ত্বকের বায়োপসি, অভ্যন্তরীণভাবে আপনার ফুসফুস বা শ্বাসনালী পরীক্ষা করার জন্য একটি ডিভাইস ব্যবহার করে পরিচালিত স্ক্যান যার জন্য আপনাকে আপনার যথা স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়ার প্রয়োজন হয়, বা শরীরের ছোট অভ্যন্তরীণ নমুনা নেওয়ার জন্য সোয়াব ব্যবহার করা। **তবে, অনুমানিত করা হবে না যে এই সকল প্রক্রিয়া করানোর জন্য আপনি সম্মতি দিয়েছেন, যার মানে হল যে শুধুমাত্র আপনার পরিবারের সম্মতি নেওয়ার পরেই এগুলোকে পরিচালিত করা হবে।**

**অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার পদ্ধতি থেকে প্রত্যাহার করার বিষয়ে আরও তথ্য জানার জন্য অনুগ্রহ করে www.organdonationscotland.org দেখুন।**

# দান করার আগে কি আমার ধার্মিক, আস্থা অথবা ধর্মীয় বিশ্বাস নিয়ে বিবেচনা করা হবে?

**হ্যাঁ, NHS Organ Donor Register-এ আপনি রেকর্ড করতে পারেন যে আপনার আস্থা বা ধর্মীয় বিশ্বাসগুলো গুরুত্বপূর্ণ কিনা এবং আপনার পরিবারের সঙ্গে দান করার বিষয়ে আলোচনা করার সময় এই বিষয় নিয়ে ও বিবেচনা করা হবে।**

তাদেরকে আপনার মতামত সম্পর্কে জিজ্ঞাসা করা হবে যাতে নিশ্চিত করা যেতে পারে যে আপনার ইচ্ছার বিরুদ্ধে হলে যেন দান না করা হয়, এবং তার সাথে এটাও নিশ্চিত করা হবে যে শুধুমাত্র তখনই যেন দান করা হয় যদি তা আপনার আস্থা বা ধর্মীয় বিশ্বাসের অনুরূপ হয়।

**নিম্নবর্ণিত থেকে আপনি আস্থা এবং ধর্মীয় বিশ্বাস এবং অঙ্গ-প্রত্যঙ্গ ও টিস্যু দান করার বিষয়ে আরও তথ্য দেখতে পারেন:**
**www.organdonationscotland.org/faith-and-beliefs**

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে সকল পটভূমি থেকে লোকজন যেন অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করেন কেননা একই জাতিগত গোষ্ঠীর দাতা থেকে প্রতিস্থাপন গ্রহণ করলে সাফল্যের হার অনেক বেশি ভালো হয়। উদাহরণস্বরূপ, শ্বেতাঙ্গ লোকজনের তুলনায় কৃষ্ণাঙ্গ এবং এশীয় লোকজনের কিডনি প্রতিস্থাপনের বেশি প্রয়োজন থাকার সম্ভাবনা রয়েছে, সুতরাং আরও কৃষ্ণাঙ্গ এবং এশীয় দাতার বৃহত্তর প্রয়োজন রয়েছে।

**NHS Organ Donor Register-এ আপনি রেকর্ড করতে পারেন যে আপনার আস্থা বা ধর্মীয় বিশ্বাসগুলো গুরুত্বপূর্ণ কিনা**



# আইন পরিবর্তিত হচ্ছে...তবে আপনার কাছে এখনও নির্বাচন করার অধিকার আছে

**26 মার্চ 2021 থেকে, স্কটল্যান্ডে অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার আইন পরিবর্তিত হতে চলেছে। এর মানে হল যে যদি আপনি দান করার বিকল্প থেকে প্রত্যাহার না করে থাকেন, তাহলে মরণোত্তর আপনাকে একজন সম্মত দাতা হিসেবে গণ্য করা হবে। দান করা একটি ব্যক্তিগত সিদ্ধান্ত এবং আপনার কাছে নির্বাচন করার অধিকার আছে।**

অঙ্গ-প্রত্যঙ্গ এবং টিস্যু দান করার আইনে পরিবর্তন সম্পর্কে আরও তথ্য জানার জন্য দেখুন: **www.organdonationscotland.org**।

## NHS Organ Donor Register (এনএইচএস অঙ্গ-প্রত্যঙ্গ দাতা রেজিস্টার)-এ আপনার দান করার সিদ্ধান্ত রেকর্ড করুন

অনলাইন:
**www.organdonationscotland.org/your-decision/how-register**

ফোন: আপনার সিদ্ধান্ত রেকর্ড করার জন্য বা আপনার যদি কোনও প্রশ্ন থেকে থাকে তাহলে তার জবাব জানার জন্য যদি আপনি কল করতে চান তাহলে অনুগ্রহ করে **0300 303 2094** নম্বরে হেল্পলাইন কে কল করুন এবং একজন প্রশিক্ষিত পরামর্শদাতার সঙ্গে কথা বলুন।

আপনার ফোন প্রদানকারীর উপর নির্ভর করে কলগুলোকে আপনার লোকাল কল হার অনুসারে চার্জ করা হবে।

টেক্সট রিলে: **18001 0300 1232323**

টেক্সট চ্যাট: **07860 034343**

এই লিফলেট অন্যান্য ফর্ম্যাট এবং একাধিক ভাষায় উপলব্ধ আছে।

নিচে দেওয়া QR কোড স্ক্যান করুন অথবা **www.organdonationscotland.org/resources** দেখুন।

Healthier Scotland
Scottish Government

NHS SCOTLAND